



চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে পরিবর্তনের গুঞ্জন



চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে বদলানো হতে পারে এমন খবর ছড়িয়ে পড়েছে। সরকার নতুন চিফ প্রসিকিউটর হিসেবে অ্যাডভোকেট আমিনুল ইসলামকে নিয়োগের সিদ্ধান্ত নিতে পারে বলে গুঞ্জন উঠেছে। ট্রাইব্যুনালের কয়েকজন প্রসিকিউটর নাম প্রকাশ না করার শর্তে এই তথ্য নিশ্চিত করেছেন।

আইন মন্ত্রণালয় ইতোমধ্যেই তাজুল ইসলামকে মৌখিকভাবে জানিয়েছে যে, এই পদে নতুন নিয়োগের পরিকল্পনা করা হচ্ছে। সম্ভাব্য প্রজ্ঞাপন আজ সোমবার (২৩ ফেব্রুয়ারি) জারি হতে পারে।

তাজুল ইসলামকে গত ২০২৪ সালের ৫ সেপ্টেম্বর প্রধান প্রসিকিউটর হিসেবে নিয়োগ দেয়া হয়েছিল জুলাই আন্দোলন সংক্রান্ত মানবতাবিরোধী অপরাধ ও আওয়ামী লীগ আমলে সংঘটিত গুম ও হত্যাকাণ্ডের বিচারের জন্য।

অন্যদিকে, অ্যাডভোকেট আমিনুল ইসলামের নতুন চিফ প্রসিকিউটর পদে নাম নেওয়ার সম্ভাবনা রয়েছে।

তিনি আগে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া-র আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করেছেন। তবে তার পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো মন্তব্য এখনও পাওয়া যায়নি।